

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৬.০৫.০০০০.১০১.১১.০০১.২২.৭৭

তারিখ: ০৯.১১.২০২২খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন “মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন (ডিসেম্বর ২০২৫ পর্যন্ত) নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	সর্বোচ্চ বয়স (বছর)	সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতা
০১।	উপ প্রকল্প পরিচালক (গ্রেড-৬)	০২	৪০	৫৬,৫২৫.০০	১. দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। ২. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট/সমমানের পদে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির কর্মকর্তা হিসেবে ০৮ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৩. প্রার্থীকে অবশ্যই সনাতন ধর্মের অনুসারী হতে হবে। ৪. মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৫ম পর্যায়ে কাজ করা প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতা শিথিলযোগ্য এবং তাঁদের অগ্রাধিকার দেয়া হবে।
০২।	সহকারী প্রকল্প পরিচালক (গ্রেড-৯)	৬৭	৩০	৩৫,৬০০.০০/ ৩৩,৪০০.০০/ ৩২,৩০০.০০	১. দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা এইচ.এস.সি এর পরে ০৪ (চার) বছর মেয়াদী ডিগ্রী। ২. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট/সমমানের পদে ০২ (দুই) বছর চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৩. মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৫ম পর্যায়ে কাজ করা প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতা শিথিলযোগ্য এবং তাঁদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩।	সহকারী প্রকল্প পরিচালক (আইসিটি) (গ্রেড-৯)	০১	৩০	৩৫,৬০০.০০	১. স্বীকৃত সরকারি বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/সিএসই/আইসিটি/আইটি বিষয়ে চার বছরের স্নাতক (সম্মান) ডিগ্রি। ২. কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিং সিএসই বিষয়ে মাস্টার্স ডিগ্রি সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ৩. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে আইসিটি/আইটি/প্রোগ্রামিং সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে এবং অধিক অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি অগ্রাধিকার পাবেন। ৪. মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৫ম পর্যায়ে কাজ করা প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতা শিথিলযোগ্য এবং তাঁদের অগ্রাধিকার দেয়া হবে।
০৪।	মাস্টার ট্রেনার কাম ফ্যাসিলিটের (গ্রেড-১০)	০৮	৩০	২৭,১০০.০০/ ২৫,৫০০.০০	১. স্নাতকোত্তর ডিগ্রী। ২. সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। ৩. ToT/B-Ed/C-in-Ed এবং মাস্টার ট্রেনার হিসেবে খ্যাতি সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেয়া হবে। ৪. বাংলা ও ইংরেজি ভাষায় ভালো জ্ঞান থাকতে হবে। ৫. যে কোন স্বীকৃত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে ০৩ (তিন) মাস প্রশিক্ষণ গ্রহণের সনদ থাকতে হবে। ৬. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট/সমমানের পদে ০২ (দুই) বছর চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৭. মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৫ম পর্যায়ে একই গ্রেডে কাজ করা প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতা শিথিলযোগ্য এবং তাঁদের অগ্রাধিকার দেয়া হবে। ৮. প্রার্থীকে অবশ্যই সনাতন ধর্মের অনুসারী হতে হবে।

শর্তাবলি :

- ০১। জনপ্রশাসন মন্ত্রণালয় নির্ধারিত ফরমে **সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০** বরাবরে আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) এবং হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইট (www.hindustrust.gov.bd) থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- ০২। আবেদনপত্র আগামী ৩০.১১.২০২২ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন **প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্প, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা-১০০০** ঠিকানায় জিইপি/রেজিস্ট্রি ডাকযোগে অবশ্যই পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৩। বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে চালানের মাধ্যমে ১-৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা এবং ০৪ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ১-৩৫০১-০০০১-২০৩১ নং কোডে অথবা '০৭ ডিজিটের নতুন অর্থনৈতিক কোড ১৪২২৩২৬' এ অটোমেটেড চালানে জমা করত: চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এতদভিন্ন আবেদনে বর্ণিত তথ্যের স্বপক্ষে সকল প্রকার মূল সনদপত্র (অভিজ্ঞতার মূল সনদসহ) মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ০৫। আবেদন ফরমে বর্ণিত পরিমাপের সদ্য তোলা ০২ (দুই) কপি ছবি এবং আবেদনকারীর বর্তমান পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫×৯.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৬। নির্ধারিত ফরম ব্যতিত অথবা ক্রটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৭। সনাতন ধর্মান্বলম্বী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৮। সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৯। আবেদনপত্র বাছাই করে শুধু যোগ্য/বৈধ প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। প্রবেশপত্র প্রেরণের মাধ্যমে এবং হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইটে (www.hindustrust.gov.bd) পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কে জানানো হবে।
- ১০। উল্লিখিত পদের বয়সসীমা ২৫.০৩.২০২০ খ্রি: হতে গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ১১। প্রার্থীর বয়স ২৫.০৩.২০২০ খ্রি: তারিখে ০১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৪০ এবং ২-৪ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১৩। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ১৪। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ সরকারি বিধিবিধান/নীতিমালা অনুসরণ করা হবে।
- ১৫। প্রার্থীদেরকে দরখাস্তের খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- ১৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৭। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় বিজ্ঞপ্তি পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৮। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রকল্প পরিচালক
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প